রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
শাখা নিয়ন্ত্রণ বিভাগ

প্রকা/শানিবি সার্কুলার নং-৮/২০১৭ তারিখ: ০৫.১০.২০১৭

বিষয়: রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS) প্রসংগে।

একটি ব্যাংকের আর্থিক অবস্থা মজবুত করার জন্য আমানত সংগ্রহের বিকল্প নেই। বিনিয়োগের জন্য তহবিলের অন্যতম প্রধান উৎস আমানত সংগ্রহ। তারল্য সংকট নিরসনসহ বর্তমানে প্রতিযোগিতামূলক ব্যাংকিং ব্যবস্থায় টিকে থাকতে হলে আমানতকারীদের আকৃষ্ট করা আবশ্যক। সে লক্ষ্যে আকর্ষণীয় আমানত স্কীম চালু করা প্রয়োজন। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের আর্থিক অবস্থা মজবুতকরণ ও আমানত সংগ্রহ জোরদারকরণের লক্ষ্যে ''রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS)'' নামে একটি আমানত স্কীম ২৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৬২তম সভায় অনুমোদিত হয়েছে। এ স্কীমের রুপরেখা নিম্নরূপ:

১. স্কীমের নাম: ''রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS)''।
২. স্কীমের মেয়াদকাল: ১২ বছর।
৩. এককালীন আমানতের পরিমাণ: সর্বনিম্ন ৫০,০০০/- টাকা বা এর গুণিতক।

৪.সুদের হার ও প্রদানযোগ্য অর্থের পরিমাণ:

সুদের হার ৫.৯৫% (চক্রবৃদ্ধি)। ১২ বছর পর সুদাসলে মূল টাকার দ্বিগুণ প্রদান করা হবে। হিসাব খোলার ০৬(ছয়) মাস পর কিন্তু মেয়াদপূর্তির পূর্বে ভাঙ্গানো হলে জমাকৃত অর্থের উপর ৫% সরল সুদহারে সুদসহ আসল টাকা প্রদানযোগ্য হবে। ০৬(ছয়) মাসের মধ্যে ভাঙ্গালে কোন সুদ প্রদান করা হবে না। তবে শর্ত থাকবে যে, সরকারী নিয়মানুসারে আয়কর, উৎসে কর ও আবগারী শুল্ক আমানতকারীর হিসাব হতে (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

৫. হিসাব খোলার পদ্ধতি ও নিয়মাবলী:

(ক) আঠার বছর কিংবা তদূর্ধ্ব বয়স্ক এবং সুস্থ মস্তিষ্ক সম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে অথবা যৌথ নামে এ স্কীমের আওতায় হিসাব খুলতে পারবেন। নাবালক/নাবালিকার সংগেও যৌথভাবে এই হিসাব খোলা যাবে।

(খ) গঠনতন্ত্র (Bye-law), সংঘ স্মারক (Articles of Association) এবং কমিটির সিদ্ধান্তক্রমে শিক্ষা প্রতিষ্ঠান, ক্লাব ও সমিতির নামেও এ হিসাব খোলা যাবে।

(গ) হিসাব খোলার সময় আমানতকারীকে তার সঠিক পরিচিতি (Introduction) এবং পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২(দুই) কপি ছবি শাখায় নিয়মিত পরিচালিত হচ্ছে এমন যেকোন আমানত হিসাবের হিসাবধারী দ্বারা বা ব্যাংকের ন্যূনতম কর্মকর্তা পদমর্যাদার কর্মকর্তা দ্বারা অথবা পদবী নির্বিশেষে শাখা ব্যবস্থাপক দ্বারা সত্যায়িত করতে হবে। এছাড়া আমানতকারী তার নমিনী/নমিনীবৃন্দের ছবি নিজে সত্যায়িত করবেন। পাসপোর্ট এর ফটোকপি (যা যথাযথ সত্যায়িত) প্রদান করেও হিসাব খোলা যাবে।

(ঘ) কোনভাবেই নমিনীবিহীন হিসাব খোলা যাবে না।

(ঙ) হিসাব খোলার সময় গ্রাহককে একটি নমুনা স্বাক্ষর কার্ডে ০৩(তিন) টি নমুনা স্বাক্ষর করতে হবে।

(চ) স্কীমের নিয়মাবলী হিসাবধারী যথাযথভাবে পরিপালনে বাধ্য থাকবেন এ মর্মে হিসাবধারীর নিকট থেকে একটি ঘোষণাপত্র গ্রহণ করতে হবে।

(ছ) বর্তমানে প্রচলিত স্থায়ী আমানত রশিদের মাধ্যমে এ হিসাব খুলতে হবে। তবে রশিদের গায়ে ১২ (বার) বছর মেয়াদী ''রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS)'' হিসাব এবং সুদ হার সুস্পষ্টভাবে সীলমোহরকৃত হতে হবে।

ক্রমশ পাতা-০২

৬. নমিনী মনোনয়ন:

(ক) আমানতকারী এক বা একাধিক ব্যক্তিকে হিসাবের নমিনী নিযুক্ত করবেন। নমিনীর সংখ্যা একাধিক হলে প্রত্যেক নমিনীর অংশও তিনি নির্ধারণ করবেন। অপ্রাপ্ত বয়স্ককেও নমিনী করা যাবে।

(খ) আমানতকারীর জীবদ্দশায় এবং হিসাব মেয়াদপূর্তির পূর্বে নমিনীর/নমিনীগণের মধ্যে কারো মৃত্যু হলে ঐ মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে নতুনভাবে আবেদনের মাধ্যমে নমিনী নিযুক্ত করতে হবে। কেবলমাত্র আমানতকারীর মৃত্যুর পরই নমিনী/নমিনীগণ হিসাবের অর্থ প্রাপ্য হবেন।

(গ) নমিনীকে হিসাবের স্থিতি পরিশোধের জন্য নিম্নোক্ত কাগজপত্রাদি উপস্থাপন করতে হবে:

- নমিনী/নমিনীদের/মনোনীত অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) আবেদন পত্র।
- আমানতকারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র।
- নমিনী/নমিনীবৃন্দের অথবা মনোনীত অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- নমিনী/নমিনীবৃন্দ অথবা মনোনীত অভিভাবক (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) কর্তৃক যৌথভাবে ব্যাংকের অনুকূলে সম্পাদিত ও প্রযোজ্য মূল্যের ইনডেমনিটি বন্ড।

৭. মেয়াদ উত্তীর্ণের পূর্বে হিসাব বন্ধ করা হলে:

গ্রাহক ইচ্ছা করলে যে কোন সময় সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকের বরাবরে লিখিত আবেদন করে স্বীয় হিসাব বন্ধ করতে পারবেন। এরূপ ক্ষেত্রে ৫% হারে সরল সুদসহ আসল টাকা ফেরত পাবেন। তবে ৬ মাস পূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে কোন সুদ প্রদান করা হবে না। এক্ষেত্রে প্রযোজ্য আয়কর, উৎসে কর ও আবগারী শুল্ক যথারীতি কর্তন করে নীট অর্থ প্রদান করা হবে।

৮. হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান:

হিসাবধারী ইচ্ছা করলে তদীয় হিসাবের স্থিতি লিয়েনপূর্বক ঋণ গ্রহণ করতে পারবেন। এই ক্ষেত্রে --

ক)	ঋণসীমা	হিসাবের স্থিতির সর্বোচ্চ ৮০ শতাংশ ঋণ প্রদান করা যাবে।
খ)	ঋণের সময়কাল	১২ (বার) মাস, তবে সংশ্লিষ্ট হিসাবের মেয়াদের মধ্যে নবায়নযোগ্য।
গ)	ঋণের প্রকৃতি	এককালীন/ওভার ড্রাফট।
ঘ)	মঞ্জুরীর ক্ষমতা	শাখা ব্যবস্থাপক (পদবী নির্বিশেষে)।
ঙ)	সুদের হার	৯% (ত্রৈমাসিক চক্রবৃদ্ধি হারে)।
চ)	পরিশোধ পদ্ধতি	ঋণের মেয়াদের মধ্যে কিস্তিতে কিংবা এককালীন পরিশোধযোগ্য।

ছ) দলিল পত্রাদি:

এককালীনের ক্ষেত্রে	ওভার ড্রাফটের ক্ষেত্রে
■ডিমান্ড প্রমিসরি নোট (ডিপি নোট)।	■ডিমান্ড প্রমিসরি নোট (ডিপি নোট)।
■লেটার অব লিয়েন কাম অথরিটি।	■লেটার অব লিয়েন কাম অথরিটি।
■আমানত হিসাবের স্থিতি লিয়েন সম্পর্কিত প্রতিশ্রুতি পত্র।	■আমানত হিসাবের স্থিতি লিয়েন সম্পর্কিত প্রতিশ্রুতি পত্র।
■এগ্রিমেন্ট ফর প্লেজ অব সিকিউরিটিজ (নির্ধারিত মূল্যের স্ট্যাম্পে সম্পাদিত)।	■এগ্রিমেন্ট ফর প্লেজ অব সিকিউরিটিজ (নির্ধারিত মূল্যের স্ট্যাম্পে সম্পাদিত)।
■আমানতের মূল রশিদ (ডিসচার্জকৃত) জামানত হিসেবে জমা থাকবে।	■লেটার অব কন্টিনিউটি।
	■রিভাইভাল লেটার।
	■আমানতের মূল রশিদ (ডিসচার্জকৃত) জামানত হিসেবে জমা থাকবে।

৯. শর্তাবলী:

(ক) মেয়াদপূর্ণ হলে আমানতকারীকে মূল জমার দ্বিগুণ অর্থ প্রদান করা হবে। তবে প্রযোজ্য আয়কর, উৎসে কর ও আবগারী শুল্ক যথারীতি কর্তন করে নীট অর্থ প্রদান করা হবে।

(খ) কোন ব্যক্তি একই শাখায় নিজ নামে এক বা একাধিক হিসাব খুলতে পারবেন।

(গ) ব্যাংক যে কোন সময়ে এই হিসাব সংক্রান্ত নিয়মাবলী পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন বা বাতিলের অধিকার সংরক্ষণ করে এবং এই ক্ষেত্রে আমানতকারী সকল নিয়মাবলী মেনে চলতে বাধ্য থাকবেন।

ঘ) কোন হিসাবের বিপরীতে ঋণ প্রদান করা হলে এবং ঋণের অর্থ সম্পূর্ণভাবে পরিশোধের পূর্বে হিসাবধারী মৃত্যুবরণ করলে আমানতের স্থিতি হতে ঋণের বকেয়া সমন্বয়ের পর অবশিষ্ট স্থিতি মনোনীত নমিনী/নমিনীদেরকে প্রদেয় হবে।

ক্রমশ পাতা-০৩

১০. হিসাব খোলা ও পরিচালনা :

(ক) বর্তমানে প্রচলিত অভিন্ন হিসাব খোলার ফরম, স্থায়ী আমানতের জন্য ব্যবহৃত রশিদ, লেজার, সিগনেচার কার্ড এবং জমা স্লিপ (পে-ইন-স্লিপ) এই স্কীম পরিচালনার ক্ষেত্রে ব্যবহৃত হবে। তবে সংশ্লিষ্ট ফরম, রশিদ, লেজার, সিগনেচার কার্ড এবং জমা স্লিপে (পে-ইন-স্লিপ) ''রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS)'' সীল ব্যবহার করতে হবে।

(খ) জেনারেল লেজারে ২৪৩ শিরোনামে ''রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS)'' মূল খাত এবং উক্ত হিসাবে সুদ প্রদানের জন্য ব্যয় খাতে ১৩৩/৩৭U ''রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS) এর উপর প্রদত্ত সুদ'' উপ-খাত খুলতে হবে।

(গ) বার্ষিক হিসাব সমাপনীর সময় ৫.৯৫% হারে সুদ গ্রাহকের হিসাবে প্রদান করতে হবে।

ঘ) প্রচলিত স্থায়ী আমানত হিসাবের ন্যায় আলাদাভাবে ব্যালেন্সিং করতে হবে।

এই হিসাব খোলার জন্য পৃথক হিসাব খোলার রেজিস্টার সংরক্ষণ করতে হবে এবং পৃথক ক্রমিক নম্বর ব্যবহার করতে হবে।

১১. ''রাকাব দ্বিগুণ মুনাফা স্কীম (RDPS)'' হিসাবের বিবরণী শাখা নিয়ন্ত্রণ বিভাগে প্রেরিতব্য মাসিক প্রতিবেদনে অন্যান্য হিসাব সংক্রান্ত তথ্যের উপরে এবং ''রাকাব ভ্রমণ সঞ্চয় স্কীম (RTSS)'' এর নিচে পৃথক কলামে উল্লেখ করতে হবে।

১২. প্রচারণার নিমিত্ত জোনাল ব্যবস্থাপক কর্তৃক শাখাসমূহের উপযুক্ত স্থানে পোস্টার প্রদর্শন ও ব্যানার স্থাপনের মাধ্যমে এ স্কীমের আওতায় হিসাব খোলার জন্য জনসাধারণকে আকৃষ্ট এবং উদ্বুদ্ধকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৫/১০/২০১৭
(জগন্নাথ ঘোষ)
উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্বে)

পত্র নং-প্রকা/শানিবি-৮(৫৪)/২০১৭-২০১৮/ ২৬৪(৪৫০) তারিখ: ০৫.১০.২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদেয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। মহাব্যবস্থাপক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
১০। উপ-মহাব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/সহকারী মহাব্যবস্থাপক, রাকাব, এলপিও, রাজশাহী।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যাবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
১৪। অফিস নথি/মহানথি।

০৫.১০.২০১৭
(শামীমা ফেরদৌস শিমুল)
উর্ধতন মুখ্য কর্মকর্তা